

18/06/22

বেল ভিউ ক্লিনিকে চালু হল কিউভিস অ্যাক্টিভ রোবোটিক হাঁটু প্রতিস্থাপন সার্জারি পরিষেবা



কলকাতা। ১৭ জুন

কলকাতার বেলভিউ ক্লিনিকে শুরু হল ‘কিউভিস অ্যাক্টিভ রোবোটিক হাঁটু প্রতিস্থাপন সার্জারি’। এই সার্জারিতে ব্যবহৃত ‘কিউভিস’ নামক উচ্চ ক্ষমতাসম্পন্ন রোবট এক মিলিমিটারেরও ক্ষুদ্র অংশে নির্ভুলভাবে কাজ করে। পূর্ব ভারতে এই সার্জারি এই প্রথম। এই অপারেশনে কাটাছেড়া কম হয়, হাড়ের অন্ত্রোপচার হয় মসৃণভাবে। এই পদ্ধতি টিস্যুর ওপর চোট রোধ করে, রক্ত ক্ষরণ কমায় এবং অপারেশন পরবর্তী ব্যথা কমিয়ে দেয়।

বেলভিউয়ের সিইও প্রদীপ ট্যাঙ্গন জানালেন, ‘বেলভিউ ক্লিনিকে ডাঃ সন্তোষ কুমারের যোগ্য নেতৃত্বে নিতন্ত্রণ ও হাঁটুর আন্তরিক্ষিতিস রোগীদের জন্য এই সার্জারি আশীর্বাদস্বরূপ। এই পদ্ধতিতে নির্বুত অনুমিত ও

সামঞ্জস্যপূর্ণ ফলাফল পাওয়া সম্ভব।’

তিনি আরও জানান, ‘আমাদের রোবোটিক জয়েন্ট রিপ্লেসমেন্ট টিম ডাঃ সন্তোষ কুমারের নেতৃত্বে অর্থোপেডিক সার্জন ডাঃ দেবাশিস সারঙ্গী, ডাঃ বিবেক ডেভিড, ডাঃ দীপ চক্রবর্তী এবং ডাঃ বিবেকানন্দ কুমারের সহযোগিতায় দুর্দান্ত কাজ করে চলেছে।’

ডাঃ কুমার বলেন, ‘কিউভিস জয়েন্ট রোবোটিক সিস্টেমে রিয়েল টাইম মনিটরিং ও ফিডব্যাক মেকানিজম দ্বারা ত্রুটিহীন ভাবে অপারেশন সম্পূর্ণ করা সম্ভব। এটি এক মিলিমিটারের ১-১০ তম পর্যন্ত অর্থাৎ ন্যানো পরিমাপ একেবারে নির্ভুলভাবে নিশ্চিত করে। পরিশেষে অপারেশনের পর রোগীর আরাম ও সাফল্য নিশ্চিত হয় এবং রোগী প্রায় বেদনাহীন হয়ে হাসপাতাল থেকে বাড়ি ফিরে যেতে পারেন।’